

ST XAVIER'S SCHOOL RAIGANJ

মেলায় গেলেন হর্ষবর্ধন (শিবরাম চক্রবর্তী)

SUB: BENGALI

CLASS: VI

LESSON: STORY(MELAY GELEN HARSWABARDHAN)

TEACHER:GOUTAM MANDAL

প্রশ্ন-উত্তর ও উত্তর সূত্র

১। সঠিক উত্তরটি বেছে নাও:

(ক) হর্ষবর্ধন যে মেলায় গিয়েছিলেন, সেটা

(১) জয়দেবের মেলা (২) বোলপুরের মেলা (৩) বাঁকুড়ার মেলা

উত্তরঃ জয়দেবের মেলা

(খ) ছেলেমেয়েদের ভিড় বেশি ছিল

(১) বাউল গানের আসরে (২) খাবারের দোকানে (গ) নাগরদোলার কাছে

উত্তরঃ নাগরদোলার কাছে।

(গ) বেলুনওয়ালা একটা বেলুনের দাম চেয়েছিল

(১) দশ পয়সা (২) চার পয়সা (৩) পাঁচ পয়সা

উত্তরঃ চার পয়সা

(ঘ) মাল্লত্র বয়ে নিয়ে যাওয়ার জন্য হর্ষবর্ধন কিনেছিল একটি

(১) ঘোড়া (২) গাড়ি (৩) গাধা

উত্তরঃ গাধা

(ঙ) রেলগাড়ি ছুটছিল ঘন্টায়

(১) ষাট মেইল (২) সত্তর মেইল (৩) পঁচাত্তর মেইল বেগে

উত্তরঃ ষাট মেইল

২। শূন্যস্থান পূরণ করো:

(ক) প্রবল শীতেও সকলের মুখেই ____ আর ____। (আনন্দ ,উত্তেজনা)

(খ) কোনো রকমে ভূমিষ্ঠ হল ____। (বেলুনওয়ালা)

(গ) মেলায় বিক্রি হচ্ছিল শান্তিনিকেতনী ____। (মোড়া)

(ঘ) গাধাটি এক পা নড়ে তো ____ মিনিট দাঁড়ায়। (তিন)

(ঙ) শুনে ভদ্রলোক ____ প্রকাশ করলেন। (বিস্ময়)

৩। একটি বাক্যে উত্তর দাওঃ

(ক) কে, কে মেলায় গিয়েছিলেন ?

উত্তরঃ শিবরাম চক্রবর্তীর লেখা "মেলায় গেলেন হর্ষবর্ধন" গল্পে – হর্ষবর্ধন ও তাঁর ভাই বা ভ্রাতৃবর গোবর্ধন জয়দেবের মেলায় গিয়েছিলেন।

(খ) মেলায় অন্যতম আকর্ষণ কী ছিল ?

উত্তরঃ জয়দেবের মেলার একধারে একটা নাগরদোলা ঘুরছিল, এই নাগরদোলাই ছিল মেলার অন্যতম আকর্ষণ।

(গ) হর্ষবর্ধন কার ফরমাসে একগাদা জিনিস কিনলেন ?

উত্তরঃ মেলা ঘুরে ঘুরে হর্ষবর্ধন তার স্ত্রীর ফরমাস মতো একগাদা জিনিস কিনেছিল।

(ঘ) হর্ষবর্ধনরা মেলা থেকে কীভাবে কলকাতা ফিরেছিলেন ?

উত্তরঃ হর্ষবর্ধনরা প্রথমে মেলা থেকে গাধার সাহায্য নিয়ে পায়ে হেটে স্টেশন ও তারপর ট্রেনে চেপে কোলকাতা ফিরেছিলেন।

(ঙ) গাধাটিকে তাঁরা কোথায় রেখেছিলেন ?

উত্তরঃ গাধাটিকে তার উচিৎ শিক্ষা দেবার জন্য ট্রেনের পেছনে ভ্যানের সঙ্গে বেঁধে দিয়েছিল দ্রুত গতিতে ছোট্ট জন্য।

৪। নিম্নোক্ত উত্তর সংকেত গুলির সাহায্য নিয়ে নিজের ভাষায় উত্তর লেখ।(অন্তত ৩টি বাক্য)

(ক) মেলায় গিয়ে হর্ষবর্ধন কী কান্ড করেছিলেন লেখো।

উত্তরঃ (2nd + 3rd para) [বেলুন বিক্রি – দু'হাজার,চার'হাজার,পাচ হাজার- স্ত্রীর ফরমাস- খাগড়ার বাসন,বাকুড়ার পেতলের পুতুল,মেদিনীপুরের গামছা – শান্তিপুরের ধুতি-শান্তিনিকেতনী মোরা,ছড়ি-গাধা]

** একটি উত্তর করে দেওয়া হলঃ শিবরাম চক্রবর্তীর লেখা "মেলায় গেলেন হর্ষবর্ধন" গল্পে জয়দেবের মেলায় বর্ণনা করা হয়েছে। এই মেলায় নানারম আকর্ষণীয় জিনিস ইক্রি হচ্ছিল। প্রথমেই মেলা থেকে দু'ই হাজার,চার' হাজার, পাঁচ হাজার বেলুন কিনে ছেলে মেয়েদের মধ্যে বিলিয়ে দেয়। এরপর হর্ষবর্ধন তার স্ত্রীর ফরমাস অনুযায়ী মেলা ঘুরে ঘুরে খাগড়ার বাসন, বাঁকুড়ার পেতলের পুতুল, মেদিনীপুরের গামছা, শান্তিপুরের ধুতি-শাড়ি,শান্তিনিকেতনী মোড়া,ছড়ি আরো কত কী কিনে এক জায়গায় জড়ো করেন।শেষে এই জিনিস গুলি বয়ে নিয়ে যাবার জন্যে একটি গাধাও কেনেন।

(খ) মেলার পরিবেশ কেমন ছিল ?

উত্তর সূত্রঃ (1st para) [জয়দেবের মেলা – দোকানি, পসারী, নাচ, গান, বাউল – তরজার লড়াই – ম্যাজিক – লাখ লাখ লোক – পূন্যার্থীদের আগমন – প্রবল শীতেও অনন্দ ও উত্তেজনা – নাগরদোলা – চিংকার টেঁচামেচি]

(গ) 'হইচই পরে গেল মেলায়'। - কী কারণে মেলায় হইচই পড়ে গিয়েছিল ?

উত্তর সূত্রঃ (2nd para) [বেলুনওয়ালার বেলুন বিক্রি – বেলুনের দাম – বেলুন কেনার হুকুম – ডিপো থেকে বেলুন নিয়ে সবার মাথার উপর দিয়ে উড়তে উড়তে আসা বেলুনোয়ালা – ঠ্যাং টেনে ধরা – হর্ষবর্ধন গোবর্ধন কে জাপটে ধরা – ছেলে মেয়ে দের মধ্যে বেলুন বিলিয়ে দেওয়া – হইচই পরে যাওয়া]

(ঘ) হর্ষবর্ধনের কেনা গাধাটির পরিচয় দাও ?

উত্তর সূত্রঃ (3rd + 4th para) [একগাদা জিনিস কেনা – স্টেশনে বয়ে নেবার জন্যে গাধা কেনা – গাধা এক পা চলে তো তিন মিনিট দাঁড়ায় – একটু পরেই নট নড়ন-চরন, নট কিছু – হয়রান হয়ে তিনজনে স্টেশনে পৌছায়]

(ঙ) গাধাটি কিভাবে জব্দ হয় ?

উত্তর সূত্রঃ (4th + 5th para) [গাধার পরিচয় – গার্ড সাহেবের কথায় গাধাকে পিছনের ভ্যানে রাখার সিদ্ধান্ত – দুই ভাইয়ে গাধাকে ভ্যানের সাথে বেঁধে দেওয়া – ষাট মাইল বেগে ট্রেন ছোটা – গাধাকে ষাট মাইল গতিতে ট্রেনের পিছু ছুটতে বাধ্য করা – রাম ছুটুনির দ্বারা গাধা কে জব্দ করা।]

৬। বাক্য রচনা করোঃ

হুকুম – বাবু সাহেব হুকুম করলেন পুখুরে জাল ফেলার জন্যে।

জব্দ , ভূমিষ্ঠ , পুণ্য, সমাধান (এই শব্দ গুলি দিয়ে নিজের মন মতো অর্থ পূর্ণ বাক্য লেখ)

৭। পদান্তর –

[সুমুদ্র- সামুদ্রিক, শীত – শৈত্য/শীতল, শান্তিনিকেতনী- শান্তিনিকেতন, উত্তেজনা- উত্তেজিত, নাম – নামক/নামি]
